গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
গোবিন্দগঞ্জ গাইবান্ধা।

# গাইবান্ধা জেলার গোবিন্দগঞ্জ উপজেলা পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | সৈয়দা ইয়াসমিন সুলতানা, উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক,উপজেলা পরিষদ, গোবিন্দগঞ্জ,গাইবান্ধা। |
| স্থান | : | উপজেলা পরিষদ সভাকক্ষ। |
| তারিখ ও সময় | : | ১৭/০৬/২০২৫, সময়ঃ সকাল ১১.৩০ ঘটিকা। |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : হাজিরা রেজিস্টারে লিপিবদ্ধ রয়েছে।

সভার প্রারম্ভে উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর বিভিন্ন বিভাগের কার্যক্রম উপস্থাপন করা হয়। সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | গতসভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | সভায় গত ০৮/০৫/২০২৫ তারিখ অনুষ্ঠিত সভার কার্য বিবরণী পাঠ করা হয়। কোন সংশোধন আছে কিনা এ বিষয়ে আলোচনা হয়। আলোচনায় কোন সংশোধনী না থাকায় তা অনুমোদনের জন্য সদস্যগণ মতামত ব্যক্ত করেন। | কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়। | সকল দপ্তর |
| ০২ | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | ০১। ২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর ১০ টি প্যাকেজের কাজ সুষ্টভাবে সম্পন্ন হয়েছে এবং চূড়ান্ত বিল পরিশোধ করা হয়েছে।<br>০২। ২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (উন্নয়ন সহায়তা) এর আওতায় স্মারক নং-৪৬.০০০০.০৪৫.২০.০০২.২৪-৬৮১ তাং-০৯/০৩/২০২৫ ইং মোতাবেক প্রাপ্ত বরাদ্দ সাপেক্ষে অত্র পরিষদের পুরাতন বিভি হল মেরামত, অভ্যন্তরীণ রাস্তা আরসিসি করন, কৃষি জোড়াবাড়ী মেরামত, টিনসেড কোয়াটার মেরামত এর ০৪টি প্যাকেজ এর কাজ সুষ্টভাবে সম্পন্ন হয়েছে এবং চূড়ান্ত বিল পরিশোধ করা হয়েছে।<br>০৩। ইডিসি প্রকল্পের কাজ চলমান। কাজের অগ্রগতি সন্তোষজনক।<br>০৪। অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | চলমান কাজ যথাসময়ে সমাপ্তের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ এবং উপজেলা প্রকৌশলী, এলজিইডি |
| ০৩ | উপজেলা প্রাণি সম্পদ অফিস | উপজেলা প্রাণি সম্পদ অফিসার জানান যে, অফিসের কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান আছে। প্রান্তিক খামারি থেকে শুরু করে গবাদি পশু ও হাঁস-মুরগির চিকিৎসা প্রদানের বিষয়ে খামারীকে পরামর্শ প্রদান অব্যাহত আছে। | পরামর্শ কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণি সম্পদ অফিসার |
| ০৪ | উপজেলা সমাজসেবা অফিস | উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, বয়স্কভাতা, বিধবাভাতা ও প্রতিবন্ধি ভাতাসহ বিভিন্ন কর্মসূচি সুষ্ঠুভাবে চলমান আছে। কোন সমস্যা নেই। | এধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার |
| ০৫ | উপজেলা শিক্ষা অফিস | উপজেলা শিক্ষা অফিসার জানান যে,অফিসের কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান আছে। নিয়মিত শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন ও মনিটরিং করা হচ্ছে। আলোচনান্তে এধারা অব্যাহত রাখার জন্য উপজেলা শিক্ষা অফিসারের দৃষ্টি আকর্ষন করা হয়। | এধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার |
| ০৬ | উপজেলা মহিলা বিষয়ক অফিস | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার পক্ষে সভায় জানান যে, (১) ভিডব্লিউবি কর্মসূচি। ভিডব্লিউবি কর্মসূচির আওতায় ২০২৩-২০২৪ ভিডব্লিউবি চক্রের মেয়াদ জুন ২০২৫ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। ২০২৫-২০২৬ চক্রে নতুন উপকারভোগী নির্বাচন প্রক্রিয়া শুরু হয়েছে। (২) মা ও শিশু সহায়তা তহবিলঃ মা ও শিশু সহায়তা তহবিল কর্মসূচির আওতায় ২০২৪-২০২৫ অর্থ বছরে অত্র উপজেলায় ১৭টি ইউনিয়ন ও পৌরসভায় বরাদ্দ অনুযায়ী ফেব্রুয়ারি ২০২৫ মাসে ভাতাভোগী নির্বাচন করা হয়েছে। সার্ভারের সমস্যার কারণে উপকারভোগী নির্বাচন বন্ধ আছে। (৩) কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প। কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় অত্র উপজেলায় ১৬টি ক্লাবে কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। (৪) বাল্য বিবাহ এবং নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ। বাল্য বিবাহ এবং নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে সচেতনতামূলক আলোচনা সভা অব্যাহত রয়েছে। এছাড়া প্রতিমাসে উপজেলা বাল্য বিবাহ নিরোধ কমিটি এবং নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির সভা অনুষ্ঠিত হয়। (৫) ক্ষুদ্র ঋণ কার্যক্রম। মহিলাদের আত্নকর্মসংস্থানের জন্য ক্ষুদ্র ঋণ কার্যক্রমের আওতায় আদায় কার্যক্রম চলমান রয়েছে। অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | চলমান সকল কর্মসূচি ও প্রকল্প যথানিয়মে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ০৭ | ফরেস্টার সামাজিক বনায়ন কেন্দ্র | উপজেলা ফরেস্টার সভায় জানান যে, উপজেলা বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষার্থীদের মাঝে বিভিন্ন ফলজ ও বনজ বৃক্ষ চারা বিনামূল্যে বিতরণ কার্যক্রম চলমান আছে। আলোচনান্তে এধারা অব্যাহত রাখার জন্য ফরেস্টারের দৃষ্টি আকর্ষন করা হয়। | এধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ফরেস্টার সামাজিক বনায়ন কেন্দ্র |
| ০৮ | উপজেলা খাদ্য অফিস | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান যে, ধান ও চাউল সংগ্রহ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। ধান ও চাউল সংগ্রহে যাতে কেহ হয়রানীর স্বীকার না হয় সেদিকে সজাগ দৃষ্টি রাখার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ করা হয়। | অফিসের কার্যক্রমের এধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |

CamScanner

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৯ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, অফিসের কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান আছে। তিনি আরও জানান আসন্ন এইচএসসি পরীক্ষা সুষ্ঠুভাবে ও নকলমুক্ত পরিবেশে গ্রহণের জন্য সকল প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। এবিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনায় এইচএসসি পরীক্ষা সুষ্ঠুভাবে ও নকলমুক্ত পরিবেশে গ্রহণে যাতে কোন ব্যত্যয় না ঘটে সেদিকে সজাগ দৃষ্টি রাখার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | এইচএসসি পরীক্ষা সুষ্ঠুভাবে ও নকলমুক্ত পরিবেশে গ্রহণের সকল ব্যবস্থা নেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১০ | উপজেলা পরিসংখ্যান অফিস | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা জানান যে, অফিসের কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান আছে। জুন ২০২৫ মাসে কৃষি রিপোর্টসহ অন্যান্য রিপোর্ট জেলা পরিসংখ্যান অফিসে প্রেরণ করা হয়েছে। অফিসের অন্যান্য কার্যক্রম বিধি মোতাবেক চলমান আছে। | অফিসের এধারা অব্যাহত রাখার অনুরোধ করা হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা |
| ১১ | উপজেলা রিসোর্স সেন্টার | উপজেলা রিসোর্স সেন্টারের ইন্সট্রাক্টর সভায় জানান যে, উপজেলা বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয় পরিদর্শন ও শিক্ষা সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত আছে। এছাড়া অফিসের অন্যান্য কার্যক্রমও সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | অফিসের এধারা অব্যাহত রাখার অনুরোধ করা হয়। | ইন্সট্রাক্টর উপজেলা রিসোর্স সেন্টার |
| ১২ | পল্লী সঞ্চয় ব্যাংক | সিনিয়র অফিসার,পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান যে, ঋণ সংক্রান্ত কার্যক্রম চলমান আছে। ঋণ গ্রহীতাগণ তাদের গৃহীত ঋণ যথাযথ খাতে ব্যবহারের বিষয়টি নিয়মিত মনিটরিং করা হচ্ছে এবং যথাসময়ে ঋণ পরিশোধ করেন সেদিকে সজাগ দৃষ্টি রাখা হচ্ছে। | অফিসের এধারা অব্যাহত রাখার অনুরোধ করা হয়। | সিনিয়র অফিসার পল্লী সঞ্চয় ব্যাংক |
| ১৩ | সহকারী প্রকৌশলী (বিএডিসি) গোবিন্দগঞ্জ জোন | সহকারী প্রকৌশলী (বিএডিসি) সভায় জানান যে, ১০৪টি সেচ যন্ত্র চালু রয়েছে এবং সেচ কার্যক্রম চলমান আছে। আলোচনায় সেচ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন হয় সেদিকে সজাগ দৃষ্টি রাখার আহবান করা হয়। | সেচকার্যক্রমের প্রতি সজাগ দৃষ্টি রাখতে সহকারী প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | সহকারী প্রকৌশলী (বিএডিসি) |
| ১৪ | অফিসার ইন চার্জ, হাইওয়ে থানা, গোবিন্দগঞ্জ | অফিসার ইন চার্জ, হাইওয়ে থানা গোবিন্দগঞ্জ জানান যে, অত্র উপজেলার আওতাধীন সড়ক ও মহাসড়কে যানজট নিরোসনসহ আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার কার্যক্রম অব্যাহত রয়েছে। | এধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইন চার্জ, হাইওয়ে থানা গোবিন্দগঞ্জ |
| ১৫ | বিবিধ-১ | সভায় জানানো হয় ১৪৩২ সনের হাট-বাজারের প্রচার বিল বাবদ=৬২৮০০.০০ (বাষট্টি হাজার আটশত) টাকা ব্যয় করা হয়েছে। আলোচনায় ব্যয়সমূহ যথার্থ হওয়ায় তা অনুমোদন পূর্বক উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সকল সদস্যগণ অভিমত ব্যক্ত করেন। | ব্যয় অনুমোদন ও পরিশোধের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ |
| ১৬ | বিবিধ-২ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিস, সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য অফিস, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অফিস, উপজেলা আনসার ও ভিডিপি অফিস, উপজেলা সমবায় অফিস প্রধানগণ সভায় জানান তাদের অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | সকল অফিস প্রধানগণকে আগামী সভায় কার্যপত্র উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |

অন্য কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

সৈয়দা ইয়াসমিন সুলতানা
উপজেলা নির্বাহী অফিসার
ও
উপজেলা প্রশাসক
গোবিন্দগঞ্জ,গাইবান্ধা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
গোবিন্দগঞ্জ গাইবান্ধা।

স্মারক নং ০৫.৫৫.৩২৩০.০০০.০০০.০২.০০০১.২৪.১১১৮(৫০)

তারিখ: ০৩ আষাঢ় ১৪৩২ / ১৭ জুন ২০২৫

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৪। জেলা প্রশাসক ,গাইবান্ধা ।
০৫। উপজেলা .................................................... অফিসার, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা ।
০৬। চেয়ারম্যান,.................................................... ইউপি (সকল), গোবিন্দগঞ্জ, গাইবান্ধা ।

সৈয়দা ইয়াসমিন সুলতানা
উপজেলা নির্বাহী অফিসার
গোবিন্দগঞ্জ,গাইবান্ধা ।

CamScanner